



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
রাজস্ব (এসএ) শাখা
www.netrokona.gov.bd

নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২৩- ৯২৪

তারিখ : ২২ মার্চ ২০২৩।

গণ বিজ্ঞপ্তি

বিষয় : নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলাধীন বিজয়পুর ও ভবানীপুর হতে শ্মশান ঘাট পর্যন্ত ১ নম্বর বালুমহাল ১৪৩০ বঙ্গাব্দে ইজারা প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার বালুমহালগুলো ১৪৩০ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য ০২.০৩.২০২৩ তারিখের ৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২৩-৩১৫ নম্বর স্মারকে ইজারা প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ১ম পর্যায়ের গত ২০.০২.২০২৩ তারিখে জনাব মোশতাক আহমেদ রুহী, প্রো: মেসার্স রুহী এন্টারপ্রাইজ, গ্রাম- চত্রংপুর, চাঁনপুর, পোঃ- কলমাকান্দা, উপজেলা- কলমাকান্দা, জেলা- নেত্রকোণা কর্তৃক বিজয়পুর ও ভবানীপুর হতে শ্মশান ঘাট পর্যন্ত ১ নম্বর বালুমহালের বিপরীতে দাখিলকৃত দর কাঙ্ক্ষিত ইজারা মূল্যের চেয়ে বেশি হওয়ায় তার দর গ্রহণপূর্বক ১২.০৩.২০২৩ তারিখের ৩১.৪৫.৭২০০. ০০৮.৩৩.১৯৬. ১৬(অংশ-১)-৭৩১ নম্বর স্মারকে ২১.০৩.২০২৩ তারিখের মধ্যে সমুদয় ইজারা মূল্য ও অন্যান্য করাদি পরিশোধপূর্বক লিজচুক্তি সম্পাদনের জন্য কার্যাদেশ প্রদান করা হয়।

০২। জনাব মোশতাক আহমেদ রুহী কার্যাদেশে উল্লিখিত ২১.০৩.২০২৩ তারিখের মধ্যে সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হওয়ায় ২২.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মোশতাক আহমেদ রুহী কর্তৃক উদ্বৃত্ত দরের ২৫% জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল এবং বালুমহালটি ১৪৩০ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী পূর্বের ধারাবাহিকতায় ৫ম পর্যায়ে দরপত্র বিক্রয় ও গ্রহণ এবং ৫ম পর্যায়ে দরপত্র গৃহীত না হলে ৬ষ্ঠ পর্যায়ে দরপত্র বিক্রয় ও গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ৫ম পর্যায়ে অন্যান্য {(ক) দুর্গাপুর শ্মশান ঘাট হতে চৈতাটা পর্যন্ত ২ নম্বর বালুমহাল (খ) দুর্গাপুর বিরিশিরি ঘাট হতে কেরনখলা পর্যন্ত ৩ নম্বর বালুমহাল (গ) গাঁওকান্দিয়া মৌজার উত্তর সীমানা হতে দক্ষিণ প্রান্ত পর্যন্ত ৪ নম্বর বালুমহাল (ঘ) ওমরগাঁও, হাসানোয়াগাঁও এবং বিশাউতি পর্যন্ত ৬ নম্বর বালুমহাল এবং (ঙ) গোমাই নদী বালুমহাল} বালুমহালের সাথে ২২.০৩.২০২৩ তারিখে কার্যাদেশ বাতিলকৃত বিজয়পুর ও ভবানীপুর হতে শ্মশান ঘাট পর্যন্ত ১ নম্বর বালুমহালের দরপত্র বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ; জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নেত্রকোণা সদর, দুর্গাপুর ও কলমাকান্দায় বিক্রয় এবং ২৩.০৩.২০২৩ তারিখে গ্রহণ করা হবে। ৫ম পর্যায়ে কোনো বালুমহালের বিপরীতে দরপত্র গৃহীত না হলে ৬ষ্ঠ পর্যায়ে একই স্থানে ২৯.০৩.২০২৩ তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ৩০.০৩.২০২৩ তারিখে গ্রহণ করা হবে।

০৪। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(অঞ্জনা খান মজলিশ)

জেলা প্রশাসক

নেত্রকোণা

ফোনঃ ০২৯৯৬৬৫১৬৩৪

E-mail:dcnetrokona@mopa.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর/দুর্গাপুর/কলমাকান্দা, নেত্রকোণা।
৪. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর/দুর্গাপুর/কলমাকান্দা, নেত্রকোণা।
৫. (সংশ্লিষ্ট সকল)।
৬. অফিস কপি।